



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৩- ৬৫৭৫(০)

তারিখ: ৩১/০৭/২০১৬ খ্রিস্টাব্দ।


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
-----উপজেলা
----- জেলা

বিষয়: প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে অবস্থান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বস্তুবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্প। সেই প্রেক্ষিতে প্রকল্পটির কাজিত লক্ষ্যমাত্রা অর্জনসহ প্রকল্পের সার্বিক কার্যক্রম গতিশীল করার নিমিত্ত কর্মকর্তা/কর্মচারীদের সার্বক্ষনিক কর্মস্থলে অবস্থান করে প্রকল্প কার্যক্রম পরিচালনা করা আবশ্যিক। কর্মস্থলে অবস্থানপূর্বক দায়িত্ব পালনের জন্য ইতোপূর্বে স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮০৮.১৩-২৩২০ তারিখ: ০২/১২/২০১৪ খ্রি: মোতাবেক অফিস আদেশ জারি করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এখনও প্রকল্পের কিছু কিছু কর্মকর্তা/কর্মচারী কর্মস্থলে অবস্থান করেন না, যার ফলশ্রুতিতে প্রকল্পের কার্যক্রম ব্যাহত হচ্ছে। তাই নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের কাজিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কর্মকর্তা/কর্মচারীদের পদায়নকৃত কর্মস্থলে অবস্থানপূর্বক প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য পুণঃরায় নির্দেশ দেয়া হলো। সাপ্তাহিক ছুটির দিনে (শুক্র ও শনিবার) জরুরী প্রয়োজনে কর্মস্থল ত্যাগ করতে হলেও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ করা যাবে না। প্রকল্প সদর দপ্তরের স্মারক নং ৩৮৭৭ তারিখ: ২৮/০৭/২০১৬ এর নির্দেশনা অনুযায়ী সপ্তাহের প্রতি শনিবার কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায়ের স্বার্থে প্রকল্পের কর্মকর্তা/কর্মচারী সমন্বয়ে বিশেষ অভিযান পরিচালনা করতে হবে। বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়েছে।

২। প্রকল্পের যে সকল কর্মকর্তা/কর্মচারী সার্বক্ষনিক কর্মস্থলে অবস্থান করে দায়িত্ব পালন করেন না, তাদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। নিম্নোক্ত ছক মোতাবেক কর্মস্থলের বাহিরে অবস্থানকারী কর্মকর্তা/কর্মচারীর তথ্য এবং কর্মস্থলে না থাকার কারণ আগামী ১৫/০৮/২০১৬ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো:

ক্রঃ নং	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	কর্মস্থলের বাহিরে অবস্থানের ঠিকানা	কর্মস্থলে অবস্থান না করার কারণ	মন্তব্য
১					


প্রকাশিনী মোহাম্মদ রাশেদুল আলী
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

- উপপরিচালক, বিআরডিবি, জেলা :-----।
- প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
- কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক (সকল), ইরেসপো, বিআরডিবি, জেলা -----।
- মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
- হিসাব সহকারী (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।